**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আজ লোকসভায় প্রশ্নোত্তর পর্বে গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী ডঃ চন্দ্রশেখর পেম্মাসানি জানিয়েছেন উত্তরপূর্বাঞ্চলে লাখপতি দিদির সংখ্যায় ত্রিপুরা দ্বিতীয় স্থানে রয়েছে ।**

**(২) কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক গোমতী জেলার উদয়পুরের বনদুয়ারে ৫১ শক্তিপীঠ পার্ক গড়ে তোলার অনুমোদন দিয়েছে ।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ পুরীর ব্লু ফ্ল্যাগ বীচে ভারতীয় নৌবাহিনী আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অংশ গ্রহন করেছেন ।**

**(৪) ৬৮তম জাতীয় স্কুল গেমসে বালিকাদের অনূর্ধ্ব ১৭ জুনিয়র জুডোর আসর বসবে আগরতলায় ।**

*********************************************

**Lakhpoti Didi-Tripura :**

আজ লোকসভায় প্রশ্নোত্তর পর্বে গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী ডঃ চন্দ্রশেখর পেম্মাসানি জানিয়েছেন উত্তরপূর্বাঞ্চলে লাখপতি দিদির সংখ্যায় ত্রিপুরা দ্বিতীয় স্থানে রয়েছে। তিনি জানান দীনদয়াল অন্তোদয় যোজনা-জাতীয় গ্রামীণ জীবিকা মিশন গ্রামোন্নয়ন মন্ত্রকের একটি কেন্দ্রীয় প্রকল্প। গ্রামীণ দরিদ্র মহিলাদের স্বসহায়ক দলে সংগঠিত করার মাধ্যমে গ্রামীন অর্থনীতিকে চাঙ্গা করার লক্ষ্যে এটি বাস্তবায়িত করা হচ্ছে। তিনি বলেন "লাখপতি দিদি" নামে এই প্রকল্পের উদ্যোগ ডি দীনদয়াল অন্তোদয় যোজনা-

জাতীয় গ্রামীণ জীবিকা মিশনের অন্যতম ফসল। প্রতিমন্ত্রী বলেন, ত্রিপুরায় লাখপতি দিদি রয়েছেন ৫৮ হাজার ৪৯৫ জন। তিনি আরও জানান, কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রকের নমো ড্রোন দিদি প্রকল্পের লক্ষ্য হল ২০২৩-২৪ অর্থবর্ষ থেকে ২০২৫-২৬ অর্থবর্ষ পর্যন্ত দীনদয়াল অন্তোদয় যোজনা-জাতীয় গ্রামীণ জীবিকা মিশন এর আওতায় ১৫ হাজার স্বসহায়ক গোষ্ঠীর সদস্যদের ড্রোন সরবরাহ কর্‌র উদ্যোগ নেওয়া হয়েছে।

*******************************

**Shakti Peethas Park at Banduar :**

কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক গোমতী জেলার উদয়পুরের বনদুয়ারে ৫১ শক্তিপীঠ পার্ক গড়ে তোলার অনুমোদন দিয়েছে। এরজন্য ব্যয় হবে ৯৭ কোটি ৭০ লক্ষ টাকা। এটি ভারত সরকারের একটি উচ্চাভিলাষী ধর্মীয় পর্যটন প্রকল্প।

এই প্রকল্পে বনদুয়ারে একটি প্রাকৃতিক উদ্যান এলাকার মধ্যে ৫১টি শক্তি পীঠের প্রতিরূপ গড়ে তোলা হবে। এখানে গড়ে তোলা হবে একটি পার্ক যেখানে থাকবে পর্যাপ্ত স্থান নিয়ে বসার জায়গা। থাকবে একটি ফুড কোর্ট, একটি স্যুভেনির শপ, পানীয় জলের সুবিধা, পার্কিং সহ সুনির্মিত রাস্তা। তাছাড়া অতিথিদের জন্য আবাসন, নৈসর্গিক বাগিচা, পৌরাণিক কাহিনী ভিত্তিক সংগ্রহশালা এবং বিনোদনমূলক কার্যক্রমের বিস্তৃত পরিসর সহ সামগ্রিকভাবে দর্শনার্থীদের সামনে বিপুল অভিজ্ঞতা সঞ্চয়ের জন্য বিভিন্ন সুযোগ-সুবিধা থাকবে।

উল্লেখ্য, পর্যটন মন্ত্রক সারা দেশে এমন ২৩টি রাজ্যে ৪০টি পর্যটনস্থানের উন্নয়নে উচ্চাভিলাষী প্রকল্প অনুমোদন করেছে। এর জন্য মোট ব্যয় হবে ৩,২৯৫ কোটি টাকা।

*****************************

**Fishery Minister :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেছেন, সরকারি প্রকল্প ও পরিষেবার সুবিধা অন্তিম জনপদের মানুষের কাছে পৌঁছে দিতে হবে। এজন্য সরকারি আধিকারিকদের আরও বেশি দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। উন্নয়ন কর্মসূচি রূপায়ণে ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে কাজ করতে হবে। আজ উত্তর ত্রিপুরা জেলায় মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের জেলাভিত্তিক পর্যালোচনা সভায় তিনি একথা বলেন। তিনি কর্মপরিকল্পনা তৈরী করার ক্ষেত্রে জনপ্রতিনিধিদের মতামত গ্রহণ করতে হবে। তিনি মাছের পোনা ও মাছের খাদ্য বর্ষাকালের শুরুতেই বিতরণ করা ও মাছের উৎপাদন বাড়ানোর উপর গুরুত্ব আরোপ করেন। প্রাণীজ খাদ্যের উৎপাদন বাড়ানোর উপর গুরুত্বারোপ করা হয়।

পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন বিধায়ক যাদবলাল দেবনাথ, ধর্মনগর পুরপরিষদের চেয়ারপার্সন মিতালী রাণী দাস সেন, মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের সচিব দীপা ডি নায়ার, মৎস্য দপ্তরের অধিকর্তা সন্তোষ দাস, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের অধিকর্তা ড. নীরজ কুমার চঞ্চল, তপশিলি জাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা জয়ন্ত দে, উত্তর ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস সহ অন্যান্যরা। পর্যালোচনা সভায় মৎস্য দপ্তরের উপঅধিকর্তা বিজয় রায় জানান, উত্তর ত্রিপুরা জেলায় মাছের উৎপাদন এবছর বৃদ্ধি পেয়েছে। তিনি জানান, সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ১৬ জন প্রাণীপালককে মোট ১ লক্ষ ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ দেওয়া হয়েছে।

*******************************

**Ratan Lal Nath Meeting :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথের পৌরহিত্যে আজ মহাকরণে ত্রিপুরা পুনঃনবীকরণযোগ্য শক্তি উন্নয়ন সংস্থার পরিচালন কমিটির বৈঠক

হয়। মন্ত্রী শ্রী নাথ সাংবাদিকদের জানান, বৈঠকে পিএম সূর্য ঘর, পিএম কুসুম সহ অন্যান্য পুনঃনবীকরণ শক্তি সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়। তিনি জানান, পুনঃনবীকরনযোগ্য শক্তির ব্যবহার করে রাজ্যের বিদ্যুতের চাহিদা পূরণের চেষ্টা চলছে।

***************************

**Parakh Rashtriya Sarvekshan :**

কেন্দ্রীয় সরকারের শিক্ষা মন্ত্রক পরিচালিত সমীক্ষাপর্ব পরখ রাষ্ট্রীয় সর্বেক্ষণ গোটা দেশের সঙ্গে আজ সারা রাজ্যে অনুষ্ঠিত হয়েছে। রাজ্যে মোট ৫৬৭টি স্কুলে এই সমীক্ষা পর্ব অনুষ্ঠিত হয়। এতে তৃতীয়, ষষ্ঠ এবং নবম শ্রেনীর মোট ২১ হাজার ১৯০ জন ছাত্রছাত্রীদের পড়াশুনার মূল্যায়ন করা হয়।

এর মধ্যে ঊনকোটি জেলার ৬৩টি বিদ্যালয়ের তৃতীয়, ষষ্ঠ ও নবম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের পড়াশোনার ক্ষেত্রে মূল্যায়ন করা হয়। বিষয়গুলোর মধ্যে ছিল, ভাষা, গণিত বিজ্ঞান ও সামাজিক বিজ্ঞান। C.B.S.E পরিচালিত বিদ্যালয়গুলোর শিক্ষকরা পর্যবেক্ষক হিসাবে ও বিএড কলেজ ও জেলা শিক্ষক শিক্ষণ কেন্দ্রের শিক্ষার্থীরা ফিল্ড ইনভেস্টিগেটর হিসাবে সমীক্ষাপর্ব সম্পন্ন করেন।

দক্ষিণ জেলাতেও আজ ৯১টি স্কুলে পরখ রাষ্ট্রীয় সর্বেক্ষণ অনুষ্ঠিত হয়। জেলা শিক্ষা আধিকারিক সুবীর মজুমদার আকাশবানীকে জানান, জেলা শিক্ষা ও প্রশিক্ষন কেন্দ্রের পরীক্ষকরা জেলার বিভিন্ন স্কুলে গিয়ে পরীক্ষা নেন। কেন্দ্রীয় বিদ্যালয়ের শিক্ষকরা পর্যবেক্ষক হিসাবে স্কুলে স্কুলে গিয়ে পরীক্ষা গ্রহন কেন্দ্রগুলি পর্যবেক্ষণ করেন।

******************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও  ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**Navy Day :**

আজ নৌবাহিনী দিবস। ভারতীয় নৌবাহিনীর কৃতিত্ব ও ভূমিকাকে স্বীকৃতি দিতে প্রতি বছর চৌঠা ডিসেম্বর এই দিনটি পালিত হয়। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ পুরীর ব্লু ফ্ল্যাগ বীচে ভারতীয় নৌবাহিনী আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অংশ গ্রহন করেন। অনুষ্ঠানে অপারেশন ট্রাইডেন্টের বার্ষিকী অর্থাৎ ১৯৭১ সালে ভারত-পাকিস্তান যুদ্ধের সময়ে গুরুত্বপূর্ণ নৌ আক্রমণ ও সাফল্যকে তুলে ধরা হয়। MiG-29K এবং হক ফাইটার জেট, MARCOS দ্বারা যুদ্ধ অনুশীলন, সাবমেরিন অপারেশন ইত্যাদি সহ যুদ্ধজাহাজ থেকে রকেট গুলি চালানোর কৌশল প্রদর্শন করা হয়।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নৌবাহিনী দিবস উপলক্ষে ভারতীয় নৌবাহিনীর কর্মীদের শুভেচ্ছা জানিয়েছেন। তিনি বলেন,

###########Byte##########

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং নৌবাহিনী দিবস উপলক্ষে ভারতীয় নৌবাহিনীর কর্মী এবং তাদের পরিবারকে শুভেচ্ছা জানিয়েছেন।

**************************

**Amit Shah :**

সরকার বলেছে যে ন্যাশনাল কো-অপারেটিভ ডেভেলপমেন্ট কর্পোরেশন, এনসিডিসি মহিলা পরিচালিত সমবায় সমিতিগুলির উন্নয়নের জন্য সাত হাজার ৭০৮ কোটি টাকারও বেশি আর্থিক সহায়তা মঞ্জুর করেছে। রাজ্যসভায় এক প্রশ্নের লিখিত উত্তরে কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ বলেছেন, দেশে ২৫হাজার ৩৮৫টি মহিলা কল্যাণ সমবায় সমিতি নিবন্ধিত রয়েছে। তিনি বলেন, এনসিডিসি নারী সমবায়ের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। শ্রী শাহ বলেন, সরকার সমবায়ে নারীদের অংশগ্রহণ বাড়াতে বিভিন্ন উদ্যোগ নিয়েছে। মন্ত্রী জানান, দেশে এক লক্ষ ৪৪ হাজারের বেশি দুগ্ধ সমবায় রয়েছে এবং বিপুল সংখ্যক গ্রামীণ নারী এই ক্ষেত্রে নিয়োজিত রয়েছেন।

*****************************

**Debendra Farnabish :**

বিজেপি নেতা দেবেন্দ্র ফড়নবীশ মহারাষ্ট্রের পরবর্তী মুখ্যমন্ত্রী হতে চলেছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে আগামীকাল মহাযুতি জোট সরকারের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেবেন দেবেন্দ্র ফড়নবীশ। আগামীকাল মুম্বইয়ে শপথ গ্রহণ অনুষ্ঠান হবে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। বিজেপির অন্যান্য নেতৃবৃন্দও অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। কেন্দ্রীয় পর্যবেক্ষক হিসেবে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ এবং গুজরাটের প্রাক্তন মুখ্যমন্ত্রী বিজয় রূপানীর উপস্থিতিতে দেবেন্দ্র ফড়নবীশকে বিজেপি পরিষদীয় দলের নেতা নির্বাচিত করা হয়। বিধায়ক চন্দ্রকান্ত পাটিল এবং সুধীর মুঙ্গানতিওয়ার শ্রী ফরড়নবীশের নাম প্রস্তাব করেন এবং অন্য বিধায়করা সমর্থন করেন।

*************************

**IPFT :**

আইপিএফটির উদ্যোগে আজ এডিসির সদর দপ্তর খুমুলুং এর ডুকমালি বাজারে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশের আগে মিছিল খুমুলুঙএর বিভিন্ন পথ পরিক্রমা করে। সমাবেশে উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, আই.পি.এফ.টি সভাপতি প্রেম কুমার রিয়াং, সাধারণ সম্পাদক স্বপন কুমার দেববর্মা সহ দলের বিভিন্ন শাখা সংগঠন এর নেতৃবৃন্দ। সমাবেশের শুরুতেই প্রাক্তন মন্ত্রী প্রয়াত নরেন্দ্র চন্দ্র দেব্বর্মার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ ও এক মিনিট নিরবতা পালন করা সভা। সমাবেশে বক্তাগণ জনজাতিদের সার্বিক উন্নয়নে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের গৃহীত বিভিন্ন উদ্যোগ বিস্তারিত উল্লেখ করেন।

*****************************

**Congress Deputation :**

দ্রব্য মূল্য নিয়ন্ত্রণ, ন্যায্যমূল্যের দোকান থেকে ভোক্তাদের নিয়মিতভাবে রেশন সামগ্রী প্রদান সহ ১৫ দফা দাবিতে তেলিয়ামুড়া ব্লক কংগ্রেসের পক্ষ থেকে আজ মহকুমা শাসক পরিমল মজুমদারের কাছে ডেপুটেশন প্রদান করা হয়। উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক অশোক কুমার বৈদ্য, তেলিয়ামুড়া ব্লক যুব কংগ্রেস সভাপতি অতনু পাল, জেলার মহিলা কংগ্রেস সভানেত্রী সবিতা জমাতিয়া, জেলা কংগ্রেস সাধারণ সম্পাদক রাজধন সরকার প্রমুখ।

***************************

**Blood Donation :**

মৎস্য দপ্তরের উদ্যোগে কলেজটিলাস্থিত মৎস্য স্বাস্থ্য সুরক্ষা কেন্দ্রে আজ এক স্বেচ্ছা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। রাজ্যভিত্তিক এই রক্তদান শিবিরে ৮টি জেলার বিভিন্ন মৎস্য মহকুমার ৪২ জন কর্মী স্বেচ্ছায় রক্তদান করেন।

******************************

**Judo :**

৬৮তম জাতীয় স্কুল গেমসে বালিকাদের অনূর্ধ্ব ১৭ জুনিয়র জুডোর আসর বসবে আগরতলায়। আগামী ১২ থেকে ১৫ই ডিসেম্বর পর্যন্ত আগরতলার এনএসআরসিসি'তে হবে ৪দিনব্যাপী জুডোর এই প্রতিযোগিতা।

****************************

**Women's Cricket :**

মহিলাদের সীমিত ওভারের সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতার প্রথম ম্যাচে আজ ত্রিপুরা পরাজিত হয়েছে। হরিয়ানার ঝাঝরে অনুষ্ঠিত খেলায় চন্ডিগড় ৪ উইকেটে রাজ্যদলকে হারায়। প্রথমে ব্যাট করে রাজ্যদল ৪৭ ওভার ৪ বল-এ সবকটি উইকেট হারিয়ে ১৪৯ রান করে। জবাবে চন্ডিগড় ৪০ ওভার ২ বল-এ ৬ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্যে পৌছে যায়।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিস্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াস।

**************************